

ষষ্ঠ অধ্যায়: জলবায়ু ও দুর্যোগ

► যোগ্যতাভিত্তিক সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-১. বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের ফলে কৃষিজমির কী ধরনের ক্ষতি হচ্ছে বলে তোমার মনে হয়?

উত্তর: মাটির লবণাক্ততা বেড়ে যাচ্ছে।

প্রশ্ন-২. আহাদ স্যার ক্লাসে একটি দেশের বহু বছরের গড় আবহাওয়া সম্পর্কে পড়াচ্ছেন। স্যার কোন বিষয়টি পড়াচ্ছেন?

উত্তর: জলবায়ু।

প্রশ্ন-৩. রোকন বাংলাদেশের ৩০-৪০ বছরের গড় আবহাওয়া সম্পর্কে পড়ছে। রোকন কোন বিষয়টি পড়ছে?

উত্তর: জলবায়ু।

প্রশ্ন-৪. মিনাদের গ্রামের গড় তাপমাত্রা দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে। এর কারণ কী?

উত্তর: জলবায়ু পরিবর্তন।

প্রশ্ন-৫. সোনিয়াদের গ্রামে পানির স্তর নিচে নেমে যাচ্ছে। এর কারণ কী?

উত্তর: জলবায়ুর পরিবর্তন।

প্রশ্ন-৬. শেফা দেখলো একটি গ্রামের নদীর পাড় ভেঙে বাড়িঘর, ফসলের মাঠ বিলীন হয়ে যাচ্ছে। তার দেখা দুর্যোগটির নাম কী?

উত্তর: নদীভাঙন।

প্রশ্ন-৭. কবিরদের এলাকায় দীর্ঘদিন ধরে শুষ্ক আবহাওয়া বিরাজমান। এর ফলে কোন দুর্যোগটি দেখা দিতে পারে?

উত্তর: খরা।

প্রশ্ন-৮. আলিম গ্রামে গিয়ে দেখলো গ্রামের পুকুর, খাল বিল সব শুকিয়ে গেছে। আলিমদের গ্রামে এরূপ অবস্থার কারণ কী?

উত্তর: খরা।

প্রশ্ন-৯. তোমার বাড়িতে ভূমিকম্প অনুভূত হলো। এক্ষেত্রে তোমার করণীয় কী হবে?

উত্তর: কাঠের টেবিল বা শক্ত কোনো আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে হবে।

৩৭ ২৬৭

উত্তর: কাঠের টেবিল বা শক্ত কোনো আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে হবে।

প্রশ্ন-১০. হীরাদের বাড়ি বাংলাদেশের পশ্চিম অঞ্চলে। তাদের অঞ্চলটি কোন ধরনের ভূমিকম্পপ্রবণ এলাকা?

উত্তর: তুলনামূলক কম ভূমিকম্পপ্রবণ।

প্রশ্ন-১১. নেপালে ২০১৫ সালের ২৫এ এপ্রিল একটি দুর্যোগ সংঘটিত হয়। দুর্যোগটির নাম কী?

উত্তর: ভূমিকম্প।

► সাধারণ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-১২. আবহাওয়া কাকে বলে? [প্রা.শি.স.প. ২০১৩; ২০১৫]

উত্তর: কোনো স্থানের স্বল্প সময়ের গড় তাপমাত্রা ও গড় বৃষ্টিপাতকে আবহাওয়া বলে।

প্রশ্ন-১৩. জলবায়ু কাকে বলে? [প্রা.শি.স.প. ২০১৫; ২০১৬]

উত্তর: সাধারণত কোনো এলাকার ৩০-৪০ বছরের বেশি সময়ের আবহাওয়ার গড়কে জলবায়ু বলে।

প্রশ্ন-১৪. জলবায়ু পরিবর্তনের ফলে কী সমস্যা হচ্ছে? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধিসহ নানান দুর্যোগের সম্মুখীন হচ্ছে।

প্রশ্ন-১৫. দুর্যোগ কাকে বলে? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: দুর্যোগ হলো এক প্রকার প্রাকৃতিক বা মানবসৃষ্ট ক্ষতিকর দুর্যোগ যাতে মানুষ এবং পরিবেশের ক্ষতি হয়ে থাকে।

প্রশ্ন-১৬. জলবায়ু পরিবর্তনের একটি কারণ লেখ। [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: জলবায়ু পরিবর্তনের একটি কারণ হলো মানবসৃষ্ট দূষণ।

প্রশ্ন-১৭. নদীভাঙনের ফলে কী হয়? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: নদীভাঙনের ফলে কৃষি জমি, বাড়িঘর, সড়ক, হাটবাজার নদীতে বিলীন হয়ে যায়।

প্রশ্ন-১৮. বাংলাদেশের কয়েকটি দুর্যোগের নাম লেখ। [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: বন্যা, ঘূর্ণিঝড়, নদীভাঙন ইত্যাদি।

প্রশ্ন-১৯. বাংলাদেশের কোন অঞ্চলে খরার প্রবণতা বেশি? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: উত্তর-পশ্চিমাঞ্চলে।

প্রশ্ন-২০. বাংলাদেশের কোন অঞ্চল অধিক ভূমিকম্পপ্রবণ?

উত্তর: উত্তর ও দক্ষিণ-পূর্বাঞ্চল।